



স্মারক নং: ১২.০১.০০০০.১৬১.৪২.০০১.২১. ১৪৬৭

তারিখ: ১৫/১২/২০২১ খ্রি:

বিষয়: সার মনিটরিং কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।

সূত্র: মাননীয় কৃষি মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে বিগত ১৪/১২/২০২১ তারিখে সার সরবরাহ পরিস্থিতি পর্যালোচনার নিমিত্তে অনুষ্ঠিত সভা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে দেশে চাহিদার বিপরীতে সব ধরনের সার পর্যাপ্ত মজুদ থাকা সত্ত্বেও কিছু কিছু জেলায় অতিরিক্ত মূল্যে সার বিক্রয়সহ সরবরাহ পরিস্থিতি নিয়ে কৃষি সংকট তৈরি হয়েছে মর্মে বিভিন্ন সূত্রে জানা যায়। সূত্রস্থ সভার সিদ্ধান্তের আলোকে আপনার জেলার বর্তমান রবি মৌসুমে মাঠ পর্যায়ে সার বিতরণ প্রক্রিয়া যাতে নির্বিঘ্ন থাকে সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। গুজব ছড়িয়ে, কৃষি সংকট তৈরি করে যেসব ডিলার, ব্যবসায়ী, দোকানদার বেশি দামে সার বিক্রয় করছে তাদের বিরুদ্ধে তাৎক্ষণিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। আগামী ৩০ (ত্রিশ) দিন অব্যহত ভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। উপজেলা, জেলা, অঞ্চল পর্যায়ের কর্মকর্তাদের নিয়োজিত নির্দেশনা মোতাবেক মনিটরিং কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

- জেলার ভূতর্কীর আওতায় ডিএপি, টিএসপি ও এমওপি সরবরাহের দায়িত্বপ্রাপ্ত বেসরকারী আমদানীকারক কর্তৃক মাসের বরাদ্দকৃত সার সরবরাহ নিশ্চিত করা।
- সরকারী আমদানীকারকের সার আমদানীর পর বাফার গুদামে মজুদের বিষয়ে মনিটরিং জোরদার করা যাতে বাজারে কোন কৃষি সংকট সৃষ্টি না হয় সেদিকে লক্ষ্য রাখা।
- বিসিআইসি/বিএডিসি ডিলারগণ কর্তৃক মাসের বরাদ্দকৃত সারের বিপরীতে যথাসময়ে টাকা জমাসহ নিয়মিত সার উত্তোলন নিশ্চিত করা।
- বিসিআইসি/বিএডিসি ডিলারের নিজ বরাদ্দপত্র অন্য জেলার সার ব্যবসায়ীদের নিকট হস্তান্তর করার অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক ভাবে ডিলার সনাক্ত করে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণ ও বাফার গুদাম/মোকাম ভিত্তিক নজরদারী বাড়ানো।
- বিসিআইসি ডিলারসহ নিয়োগকৃত খুচরা ডিলারদের সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রি নিশ্চিত করতে হবে।
- উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে ইউরিয়া সহ নন-ইউরিয়া সারের আগমনী বার্তা মোতাবেক গুদাম যাচাই করত: বিক্রয়াদেশ প্রদান করতে হবে এবং রেকর্ড উপজেলা কৃষি অফিসে সংরক্ষণ করতে হবে।
- আবশ্যিক ভাবে বিক্রয় কেন্দ্রের দর্শনীয় স্থানে সারের নির্ধারিত মূল্য তালিকা লেমিনেটিং করে প্রদর্শন করতে হবে।
- কোন ভাবেই সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে কোন সার বিক্রি করা যাবে না। বৈধ ক্যাশ মেমো ছাড়া কোনরূপ সার বিক্রয় করা যাবে না এবং বিষয়টি মনিটরিং এর আওতায় নিয়ে আসতে হবে।
- পরিদর্শন কালীন সময়ে সার ব্যবস্থাপনায় কোন অনিয়ম পরিলক্ষিত হলে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে পরিচালক, সরেজমিন উইং, বরাবর প্রতিবেদন প্রেরণ করতে হবে।

উপর্যুক্ত নির্দেশনাবলী যথাযথভাবে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,

----- (সকল) জেলা।

(মো: আসাদুল্লাহ)

মহাপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

আসাদুল্লাহ

১৫/১২/২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
- ২) অতিরিক্ত পরিচালক, উপকরণ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
- ৩) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- (সকল) অঞ্চল। আপনারা আপনাদের অঞ্চলের আওতাধীন সকল জেলা, উপজেলা ও ব্লকে পত্র বর্ণিত নির্দেশনা বাস্তবায়নে আপনার তৎপরতা আরো জোরদার করার অনুরোধ করা হলো।
- ৪) মাননীয় কৃষি মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপ-প্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫। আপনাকে পত্রটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা-১২১৫।